গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

**জানুয়ারি/২০১৭ মাসের মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ মোফাজ্জেল হোসেন<br>সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : ২৪.০১.২০১৮ খ্রিঃ। |
| সময় | : সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : সম্মেলন কক্ষ (৯ম তলা), রেলভবন, ঢাকা। |

০২। **উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট - 'ক'**

০৩। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে গত ২৮.১২.২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী না থাকায় জানুয়ারি/২০১৮ মাসের কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি মাসিক সমন্বয় সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন) কে অনুরোধ করেন। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|---|
| ৫.১ | মন্ত্রণালয়ের জনবল | মন্ত্রণালয়ের জনবল নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বিষয়ে জানানো হয় যে, ডিসেম্বর/২০১৮ মাস পর্যন্ত ১ম শ্রেণির অনুমোদিত ৪৩ টি পদের মধ্যে শূন্য পদের সংখ্যা ৭ টি এবং ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির অনুমোদিত ৯২ টি পদের মধ্যে শূন্য পদের সংখ্যা মোট ৪০ টি। সভায় আরো জানানো হয় যে, সিদ্ধান্ত থাকা সত্বেও অতিরিক্ত ব্যয় সাশ্রয়ের স্বার্থে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কম্পিউটার অপারেটর পদের নিয়োগ বিধি সংশোধন হওয়ার পর মুক্তিযোদ্ধা কোটার ০৭ টি পদের নিয়োগ কার্যক্রম সম্পাদন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভাপতি শ্রেণিভিত্তিক শূন্য পদের সংখ্যা উল্লেখপুর্বক তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। শ্রেণিভিত্তিক শূন্য পদের সংখ্যা উল্লেখপুর্বক তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবহার ও পদ্ধতি র প্রশিক্ষণ ও মহড়ার বিষয়ে প্রশিক্ষক এর নাম ও সম্ভব্য তারিখ নির্ধারণের জন্য মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর বরাবর ১৭/০১/১৮ খ্রিঃ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। চতুর্থ শ্রেণির কর্মচারীদের বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের মাধ্যমে Food & Beverage বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এছাড়া, Public Private Partnership (PPP), Sustainable Development Goal (SDG) সহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণের উদ্যোগ গ্রহন করা হয়েছে। ৬০ জনঘন্টা প্রশিক্ষণ নিশ্চিত করার বিষয় আলোচনা হয়। | ৬০ জনঘণ্টা করে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম নিশ্চিত করতে হবে।<br>কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচী প্রশিক্ষণ ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত করে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>২। প্রশিক্ষণ কার্যক্রম তথ্যসহ উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>২। সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়। |
| ৫.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত দফাওয়ারী আলোচনা করা হয়। সভাপতি বলেন যে, APA-তে নির্ধারিত লক্ষ্যমাত্রা যাতে যথাসময়ে অর্জিত হয় সে বিষয়ে সকলকে সচেতন থাকতে হবে। সভায় অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) জানান যে, ০২.০১.২০১৮ খ্রিঃ তারিখে APA সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ২৫.০১.২০১৮ খ্রিঃ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন সভা হবে। APA শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে প্রতিমাসে সভা আয়োজনের বিষয় আলোচনা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যকর পদক্ষেপ নি তে হবে। এ লক্ষ্যে প্রতিমাসে একবার করে সভা করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়। |
| ৫.৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | গণ শুনানী আয়োজনের জন্য মাননীয় মন্ত্রীর সম্মতি গ্রহণের নিমিত্ত নথি উপস্থাপন এবং দ্রুত তারিখ নির্ধারণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে গণ শুনানী আয়োজনের নিমিত্ত তারিখ নির্ধারণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |
| ৫.৫ | বিভাগীয় মামলা | সভায় জানানো হয় যে, ডিসেম্বর/১৭ পর্যন্ত অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা ৫১টি। তার মধ্যে ৩৩টি মামলা অভিযুক্ত কর্মকর্তা জেল হাজতে থাকার কারনে স্থগিত রয়েছে। পেন্ডিং মামলাগুলোর মধ্যে ৬ মাসের উর্ধ্বে ৫০ টি এবং ০২ মাসের উর্ধ্বে ১ টি বিভাগীয় মামলা অনিষ্পন্ন রয়েছে। বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | বিভাগীয় মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়।<br>২। যুগ্ম-সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়।<br>৩। উপ-সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়। |
| ৫.৬ | ই-ফাইলিং | সভাপতি বলেন যে, ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করতে হবে। তিনি আগামী সভায় ই-ফাইলিং এর মাধ্যমে শাখা ও অনুবিভাগ ভিত্তিক মোট নিষ্পত্তিকৃত নথি, নিষ্পত্তিকৃত ডাক ও নথির সংখ্যাগত তথ্য উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। এ তথ্য সংগ্রহের জন্য ফরম তৈরী করা হয়েছে। তিনি উক্ত ফরমে যথাসময়ে তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ করেন। | ১। ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>২। আগামী সভায় শাখা ও অনুবিভাগ ভিত্তিক মোট নিষ্পত্তিকৃত নথি এবং ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তিকৃত ডাক ও নথির সংখ্যাগত তথ্য উপস্থাপন করতে হবে। | ১। সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়।<br>১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়।<br>২। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়। |

<table>
<tr><td></td><td></td><td>অতিরিক্ত সচিব ( আইন) জানান যে, তার অনুবিভাগে কম্পিউটার ও স্ক্যানার প্রয়োজন। উপসচিব (প্রশাসন) জানান যে, অদ্যই কম্পিউটার ও স্ক্যানার ক্রয় করা হবে। প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-৩) তার শাখায় ইনটারনেট সংযোগ নেই বলে জানান।</td><td>৩। ই-ফাইলিং এর জন্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ নিশ্চিত করতে হবে।</td><td>১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়।<br>২। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৫.৭</td><td>পরিদর্শন</td><td>উন্নয়ন প্রকল্প সমূহের সঠিক বাস্তবায়ন এবং মনিটরিং এর জন্য গঠিত কমিটিসমূহের সদস্যদের নিয়মিত প্রকল্পসমূহ পরিদর্শনের জন্য সভাপতি গুরুত্বারোপ করেন। তিনি বলেন, কমিটির সকল সদস্য পরিদর্শনে যেতে না পারলে একজন সদস্যও পরিদর্শন করতে পারবেন। তিনি বলেন যে, প্রশাসনের কর্মকর্তা সফরে গেলে অবশ্যই রাজস্ব অফিস পরিদর্শন করবেন। এগুলোর অবস্থা বেহাল মর্মে তিনি বর্ণনা করেন। পরিদর্শন শেষে ১০ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। এছাড়া, প্রমাপ অনুযায়ী শাখা পরিদর্শ নের জন্য তিনি কর্মকর্তাদের অনুরোধ করেন।</td><td>১। উন্নয়ন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত গঠিত কমিটি র সদস্যগণ বাংলাদেশ রেলওয়ের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের কার্যক্রম প্রমাপ অনুযায়ী পরিদর্শন করবেন এবং প্রশাসনের কর্মকর্তাগণ সফরে গেলে অবশ্যই রাজস্ব অফিস পরিদর্শন করবেন। পরিদর্শনকারী কর্মকর্তাকে ১০ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে।</td><td>১। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৫.৮</td><td>অনিষ্পন্ন বিষয়</td><td>সভায় বিভিন্ন শাখায় / অধিশাখায় এবং বাংলাদেশ রেলওয়ের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়ের উপর আলোচনা হয়। সভাপতি পেন্ডিং ইস্যুর সঠিক তালিকা প্রস্তুত করে উপস্থাপন করতে সংশ্লিষ্টকে অনুরোধ জানান।<br>মন্ত্রণালয়ের বিভিন্ন শাখায় অনিষ্পন্ন বিষয়ের তালিকা
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>শাখা</th><th>সংখ্যা</th><th>১ মাসের অধিক</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>ভূমি</td><td>১৬</td><td>৪</td><td></td></tr>
<tr><td>২</td><td>আইন</td><td>৫</td><td>৩</td><td></td></tr>
<tr><td>৩</td><td>অডিট</td><td>৫৬</td><td>৫৬</td><td></td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৭৭</td><td>৬৩</td><td></td></tr>
</table>
সারণি পর্যালোচনা করলে দেখা যায়, মন্ত্রণালয়ের মোট তিনটি শাখায় ৭৭ টি অনিষ্পন্ন বিষয় আছে যার মধ্যে তিন মাসের অধিক ৬৩ টি। মন্ত্রণালয়ের বিভিন্ন শাখায় অনিষ্পন্ন বিষয়সমূহ দুত নিষ্পত্তির জন্য সভাপতি সকলকে অনুরোধ জানান।</td><td>১। মন্ত্রণালয়ের বিভিন্ন শাখায় যে সকল অনিষ্পন্ন বিষয় রয়েছে তার সঠিক তালিকা প্রস্তুত করতে হবে।<br>২। অনিষ্পন্ন বিষয় দ্রুত নিষ্পত্তি করতে হবে।</td><td>১। সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৫.৯ (ক)</td><td>বিবিধ</td><td>সভায় রেলপথ মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার প্রণয়নের বিষয়ে আলোচনা হয়। সভায় প্রোগ্রামার জানান যে, সিটিজেন চার্টার প্রণয়ন করে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।</td><td>সিটিজেন চার্টার সত্বর ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৫.৯ (খ)</td><td>বিবিধ</td><td>সভায় কাজের গুণগত মান, নথি ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন যে, নথিতে স্বাক্ষর প্রদানের সময় নাম-পদবিযুক্ত সিল ব্যবহার করতে হবে। যে সমস্ত নথির কলেবর</td><td>১। নথিতে স্বাক্ষর প্রদানের সময় নাম-পদবিযুক্ত সিল ব্যবহার করতে হবে।<br>২। যে সমস্ত নথির কলেবর বৃদ্ধি</td><td>১। সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়।<br><br>১। সকল কর্মকর্তা,</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| . | | **বৃদ্ধি পেয়েছে, নতুন বছরে সে সকল বিষয়ে নতুন নথি সৃজন করতে হবে। উন্নয়ন অনুবিভাগের নথিগুলোতে অনেক দলিলপত্র, ডকুমেন্ট সংরক্ষিত থাকে বিধায় কলেবর বড় হয়। তিনি এ নথিগুলো দু'ফোল্ডার বিশিষ্ট নথি তৈরী করতে অনুরোধ করেন।** শ্রেণি অনুযায়ী বিনষ্টযোগ্য নথি বিনষ্ট করতে হবে। নিচে ব্যবহৃত নামফলকটি পরিবর্তন করে শুধু নাম পরিবর্তন করে ব্যবহার করা যায় এরুপ ফলক ব্যবহার করতে হবে। | পেয়েছে, নতুন বছরে সে সকল বিষয়ে নতুন নথি সৃজন করতে হবে এবং শ্রেণি অনুযায়ী বিনষ্টযোগ্য নথি বিনষ্ট করতে হবে।<br>৩। নাম ফলক পরিবর্তন করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়।<br>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সচিব